

ছাত্রলীগ কর্মীকে মারধর চবিতে শিক্ষক-শিক্ষার্থী চারঘণ্টা অবরুদ্ধ

৳ চবি সুবাদদাতা ৳

এক কর্মীকে মারধরের খবর ধরে ৪ ঘণ্টা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে রেলস্টেশনে হাজার হাজার ছাত্র-ছাত্রী এবং ক্যাম্পাসের ভেতরে কয়েকশ' শিক্ষকের অবরুদ্ধ করে রাখে ছাত্রলীগ কর্মীরা। শনিবারের মধ্যে হামলাকারীদের ফেফতার করা না হলে রবিবার থেকে বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধ কর্মসূচির ঘোষণা দিয়েছে ছাত্রলীগ। এ ঘটনার আহত ছাত্রলীগ কর্মী এমএ খালেদ চৌধুরী বাদি হয়ে ১৫ জনকে আনামী করে হাটহাজারী থানায় একটি মামলা করেছে।

জানা যায়, ছাত্রলীগ কর্মী লোক প্রশাসন ৩য় বর্ষের ছাত্র খালেদ বেলা ১টার দিকে বিবিএ'র ছাত্র রেদোয়ান, রনি এমবিএ'র সৌরভ, লিমন এবং সাংবাদিকতা বিভাগের কাউছারের সাথে রেল স্টেশনের একটি দোকানে বসে পুরনো একটি বিবাদ মেটালোর চেষ্টা করছিল। এ সময় খালেদের সাথে অন্যদের করা কাটাকাটি হয়। এক পর্যায়ে হিসাববিজ্ঞান ৩য় বর্ষের ছাত্র রনি একটি

কোকাকোলার বোতল দিয়ে খালেদের মাথায় আঘাত করলে তার মাথা ফেটে যায়।

ঘটনার পরপরই শতাধিক ছাত্রলীগ কর্মী উত্তেজিত হয়ে ১ নম্বর সেইটে ভাঙ্গা মেয়ে দেয়। এ সময় রেলস্টেশনে অপেক্ষমাণ বেলা ২টার ট্রেনে কয়েক হাজার শিক্ষার্থী আটকা পড়ে। ছাত্রলীগ কর্মীরা একইসাথে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য ভাড়া করা মিনিবাস এবং শিক্ষক বাসভলো আটকে দেয়। এ সময় ছাত্রলীগ কর্মীরা রেলস্টেশনে বিক্ষোভ মিছিল করে। মিছিল শেষে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ-সভাপতি আব্দুল মনসুর জামশেদ, যুগ্ম সম্পাদক মিজানুর রহমান এবং সাংগঠনিক সম্পাদক বদরুল আহমেদ বিন্দু, প্রক্টর ড. মোহাম্মদ জর্দীমউদ্দিনের নিকট লিখিত অভিযোগ করেন। একইসাথে কাল শনিবারের মধ্যে হামলায় অভিযুক্তদের ফেফতার ও বহিষ্কার করা না হলে পরদিন থেকে লাগাতার অবরোধের ঘোষণা দেন। প্রক্টরের সাথে আলোচনার পর বিকাল ৫টার দিকে ছাত্রলীগ অবরোধ তুলে নিলে ট্রেন-বাস চলাচল স্বাভাবিক হয়।